

শিল্প মন্ত্রণালয়ের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়

তারিখ : ১৬/০৭/২০২০

সময় : ১২.৩০ টা

স্থান : অন-লাইনে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগতও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১১/০৬/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শৃঙ্খাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে নির্দেশ প্রদান করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছে কিনা তা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছে কিনা তা নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা প্রধান (সকল)।
২	অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়।	অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে অন-লাইনে দাপ্তরিক কার্যবলী যথাসময়ে করা সম্ভব হয় কোন কাজ যাতে পেণ্ডিং না থাকে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা প্রধান(সকল)।
৩	শিল্প মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন চূড়ান্ত প্রতিবেদন নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণপূর্বক প্রমাণকসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	শিল্প মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়ন চূড়ান্ত প্রতিবেদন নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদন করা হয়েছে। অনুমোদিত স্ব-মূল্যায়ন চূড়ান্ত প্রতিবেদনপ্রমাণকসহ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	শৃঙ্খাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়।
৪	শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া নৈতিকতা কমিটির অনুমোদন গ্রহণপূর্বক যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়।	শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া নৈতিকতা কমিটিকর্তৃক অনুমোদন করা হয়েছে। অনুমোদিত খসড়া যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	শৃঙ্খাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়।
৫	দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে ফিডব্যাক সভা আগামী ৩-৬ আগস্ট এর মধ্যে করার বিষয়ে সভায় আলোচনা হয়।	দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের জাতীয় শৃঙ্খাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে ফিডব্যাক সভা আগামী ৩-৬ আগস্ট এর মধ্যে করতে হবে।	অতিরিক্ত সচিব (জাস, সমন্বয় ও প্রণয়)/ শৃঙ্খাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়।
৬.	দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাকে ই-ফাইলিং কার্যক্রমে আরো বেশী তৎপর হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়।	দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাকে ই-ফাইলিং কার্যক্রমে আরো বেশী তৎপর হতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান(সকল)/ শৃঙ্খাচার ফোকাল পয়েন্ট, শিল্প মন্ত্রণালয়।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ : ২০/০৭/২০২০ খ্রি.

কে এম আলী আজম

সচিব

ও

সভাপতি, নৈতিকতা কমিটি

শিল্প মন্ত্রণালয়